

কাউকে পেছনে ফেলে নয়

প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর বন, ভূমি ও সামাজিক অধিকার বিষয়ক সম্মেলন

সাংস্কৃতিক আয়োজন



বাঙালি ছাড়াও বাংলাদেশে উল্লেখযোগ্য সংখ্যক আদিবাসী, প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী বাস করে। তাদের রয়েছে আলাদা ভাষা ও সংস্কৃতি। সরকারি হিসাবে বাংলাদেশে ক্ষুদ্র জাতিসত্তার সংখ্যা ২৭। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)-এর সাম্প্রতিক গবেষণালব্ধ তথ্য-উপাত্ত অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম ও চা বাগানের বাইরে সমতলে সরকারি তালিকায় নেই এমন আরো ৩৭টি জাতিগোষ্ঠী পাওয়া যাচ্ছে। চা বাগানের ৮০টি গোষ্ঠীর মধ্যে নয়টি ক্ষুদ্র জাতি হিসাবে সরকারি তালিকাভুক্ত। আদিবাসী ও চা জনগোষ্ঠী ছাড়াও প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে হরিজন, কায়পুত্র (শূকর চড়ানো যাদের পেশা), বেদে, জলদাস, যৌনকর্মী, বিহারী এবং অন্যান্য ছোটখাট গোষ্ঠী অন্যতম।

এসব জাতিসত্তা ও জনগোষ্ঠীর ভাষাবৈচিত্র্য, শিক্ষা, প্রযুক্তি, সাংস্কৃতিক ঐতিহ্য, ইতিহাস, খাদ্যাভ্যাস ইত্যাদি বাঙালি সংখ্যাগরিষ্ঠের দেশে যে বৈচিত্র্য যোগ করে তা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বাংলাভাষা, সাহিত্য ও সংস্কৃতিকেও নানাভাবে সমৃদ্ধ করেছে ক্ষুদ্র জাতিসত্তার সংস্কৃতি। প্রান্তিক ও বিচ্ছিন্ন এসব জনগোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরতে আয়োজন করা হয়েছে বক্তৃতাসহ সাংস্কৃতিক সন্ধ্যা।

স্থান: আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ, রংপুর

তারিখ: ১৬-১৭ নভেম্বর ২০১৭

বক্তৃতা: বিকাল ৫:০০ থেকে ৬:০০টা




সাংস্কৃতিক অনুষ্ঠান: ০৬:০০টা থেকে রাত ০৮:০০টা



দিনাজপুর সরকারি কলেজের শিক্ষক ড. মাসুদুল হক, সাংবাদিক চিত্ত ঘোষ, অধ্যাপক ড. শাস্ত্রী ভট্টাচার্য্য এবং গবেষক ফিলিপ গাইন আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর পরিচয়, ভাষা ও সংস্কৃতি বিষয়ে বক্তৃতা ও আলোচনা করবেন।

দুই দিনের সাংস্কৃতিক সন্ধ্যায় সাঁওতাল, মুশোহর, ওরাঁও, গারো, মাহলে, কোরা ও তুরি সাংস্কৃতিক দল তাদের ঐতিহ্যবাহী নাচ-গান পরিবেশন করবে।

আদিবাসী সাংস্কৃতিক সন্ধ্যায় আপনি সবাক্ষব আমন্ত্রিত।



ছবি ও ডিজাইন: ফিলিপ গাইন

আলোকচিত্র, সাংস্কৃতিক উপকরণ এবং প্রকাশনা প্রদর্শনী

স্থান: আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ, রংপুর

তারিখ: ১৬-১৭ নভেম্বর ২০১৭

সময়: প্রতিদিন সকাল ০৯:০০টা থেকে রাত ০৮:০০টা

বাংলাদেশের আদিবাসী এবং প্রান্তিক ও বিচ্ছিন্ন নানা ভাষাভাষি ও সংস্কৃতির মানুষের পরিচয়, ভৌগলিক অবস্থা, ভাষা বৈচিত্র্য ও সমস্যা নিয়ে জানার আছে অনেক কিছু। এদের ভাষা, সংস্কৃতি ও জীবনযাপন সম্পর্কে জানার ও বোঝার সুযোগ তৈরি করতে সম্মেলন চত্বরে থাকবে আলোকচিত্র প্রদর্শনী। আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর সাংস্কৃতিক উপকরণ এবং ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীর উপর বিভিন্ন প্রতিষ্ঠানের প্রকাশিত গুরুত্বপূর্ণ সব প্রকাশনা সংগ্রহের সুযোগও থাকবে সম্মেলনে।

প্রদর্শনী চলাকালীন চলে আসুন বন্ধুবান্ধব ও পরিবারের সদস্যদের নিয়ে।

যোগাযোগ

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)

১/১ পল্লবী (৬ষ্ঠ তলা), মিরপুর, ঢাকা-১২১৬। ফোন: ৯০৩৫০৮০, ০১৭১৫০০৯১২৩, ০১৭১১৪৪৩১৩১, www.sehd.org



This project is funded by the European Union